

সুখী কে?

সুখী কি সেই, যার আছে মালধন ও সম্পদ-সম্পত্তি?

না, প্রকৃত সুখী হল সেইঃ-

- ১। যে পরকালে সুখী।
- ২। যার আছে খাঁটি ঈমান ও সং আমল।
- ৩। যে করে আল্লাহর যিক্র (স্মরণ) ও তার কুরআন তেলাওয়াত। কারণ, আল্লাহর স্মরণেই মুমিনের মন প্রশান্ত থাকে।
- ৪। যে বেশী বেশী তওবা-ইস্তিগফার করে।
- ৫। যে দীন-দুনিয়ার মঙ্গল চেয়ে সদা দুআ করে।
- ৬। যে কথায় ও কাজ দ্বারা সৃষ্টির সেবা করে।
- ৭। যে উপকার দ্বারা অপকারের বদলা দেয়।
- ৮। যে নামাযের যথার্থ হিফায়ত করে। কারণ নামায নামাযীকে অমঙ্গল থেকে দূরে রাখে।
- ৯। যে একাকীত্ব ও বেকারত্ব থেকে দূরে থাকে।
- ১০। যে দীন ও দুনিয়ার কাজে নিজেকে ব্যস্ত রাখে।
- ১১। যে আল্লাহর দেওয়া নেয়ামতের শুকর ও প্রচার করে।
- ১২। যে অপরের মসীবতে সমব্যথী হয়।
- ১৩। যে পার্থিব ব্যাপারে তার থেকে যে নীচে তার দিকে তাকায় এবং তার থেকে যে উপরে তার দিকে তাকায় না।
- ১৪। যে আল্লাহর নির্ধারিত তকদীর, ভাগ ও ভাগ্য নিয়ে সন্তুষ্ট ও রাজী থাকে।
- ১৫। যে আল্লাহরই উপর একনিষ্ঠ আশা ও ভরসা রাখে এবং কোন সৃষ্টির উপর কোন প্রকারের আশা ও ভরসা রাখে না।
- ১৬। যে অপরের হাতে যা আছে তা দেখে কোন প্রকার লোভ-লালসা রাখে না।
- ১৭। যে পার্থিব কোন ব্যক্তি-বিষয়ের প্রতি অযথা মোহ রাখে না।
- ১৮। যে ছোট-বড় সকল কাজে আল্লাহর কাছে সওয়াবের আশা রাখে।
- ১৯। যে ক্রোধ ও রাগ থেকে দূরে থাকে।
- ২০। যে পরশ্রীকাতরতা থেকে দূরে থাকে।
- ২১। যার মনে কারো প্রতি কোন হিংসা স্থান পায় না। যে প্রত্যেক হকদারের হক আদায় করে।
- ২২। যে আল্লাহ ও তাঁর রাসূলের বিধান পদে পদে মেনে চলে সেই প্রকৃত সুখী।
- ২৩। প্রকৃত সুখ হল মনের সুখ, ধনের সুখ প্রকৃত সুখ নয়।

মহানবী ﷺ বলেন, “চারটি জিনিস হল শান্তি ও সুখের জিনিস; সতী স্ত্রী, প্রশস্ত বাড়ি, সং প্রতিবেশী এবং আরামদায়ক সওয়ারী (গাড়ি)। আর চারটি জিনিস হল অশান্তি ও দুঃখের জিনিস; অসতী স্ত্রী, সংকীর্ণ বাড়ি, অসং প্রতিবেশী এবং খারাপ সওয়ারী (গাড়ি)।”

মাদ্রাসা নববিয়া পিচকুরি-উক্তা থেকে প্রচারিত